

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
চাকা।

[মুসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-৩৩/মুসক/২০১৩ তারিখ: ১৮ আগস্ট, ১৪২০ বঙ্গাব্দ/০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ

মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা  
(৭) এ অনুসূত ক্রমতাবলৈ, জাতীয় রাজস্ব বোর্ড, উহুর ২৩ জৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন,  
২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-২৩/মুসক/২০১৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের-

(১) টেবিল-১ (পণ্যের প্রস্তুতকরণ বা উৎপাদন ও সরবরাহ পর্যায়ে) এর কলাম (১) এ উল্লিখিত  
শিরনাম সংখ্যা (Heading No.) ৫৪.০২ থেকে ৫৪.১০ এবং ৫৫.১২ থেকে ৫৫.১৬ এর  
আওতাধীন কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর বিপরীতে  
কলাম (৩) এ উল্লিখিত ক্রমিক (৪) এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে  
নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টাকা ৩৩.৩৩/- (তেজিশ দশমিক  
তিনি তিনি) (প্রতি বগমিটার);” এবং

(২) অনুচ্ছেদ ০২ এর ক্রমিক (২), (৩) ও (৫) এবং উহাদের বিপরীতে বর্ণিত এন্ট্রিসমূহ  
নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২) সাধারণ আদেশ নং-১৫/মুসক/২০১২, তারিখ: ০৩ কার্তিক, ১৪১৯ বঙ্গাব্দ/১৮  
অক্টোবর, ২০১২ খ্রিষ্টাব্দ;

(৩) সাধারণ আদেশ নং-১৭/মুসক/২০১২, তারিখ: ১০ পৌষ, ১৪১৯ বঙ্গাব্দ/২৪  
ডিসেম্বর, ২০১২ খ্রিষ্টাব্দ;

(৫) সাধারণ আদেশ নং-১৯/মুসক/২০১৩, তারিখ: ২ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ/১৫ এপ্রিল,  
২০১৩ খ্রিষ্টাব্দ।”।

০২। এই আদেশ ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে  
কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ মোঃ শোকাত হোসেন ]  
প্রথম সচিব (মুসক মীনাতি)